

ভর্তি

বেসরকারি মেডিকেল শূন্য আসনের তালিকা প্রকাশ, ৫ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি

নিজস্ব প্রতিবেদক ঢাকা



মেডিকেল ফাইল ছবি

দেশের বেসরকারি মেডিকেল কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষে শূন্য আসনের তালিকা প্রকাশ করা হয়েছে। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ৫ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি শেষ করতে বলা হয়েছে। গতকাল সোমবার (২৮ আগস্ট) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বেসরকারি মেডিকেল অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী নির্বাচন শেষে মেডিকেল কলেজগুলোর শূন্য আসনের তালিকা প্রকাশ করা হলো। অনলাইনে আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত শূন্য আসনে মেধা ও নিয়ম অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ৫ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় ওই আসনে অনলাইনে আবেদন অনুযায়ী অন্য শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর আরও বলেছে, অপেক্ষমাণ তালিকা ও স্বয়ংক্রিয় অভিপ্রায়গের (মাইগ্রেশন) ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd থেকে জানা যাবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের টেলিটকের 01550155555 নম্বর থেকে খুব বার্তার মাধ্যমে এ-সংক্রান্ত তথ্য জানানো হবে।

*শূন্য আসনের তালিকা দেখুন এখানে

(https://dgme.portal.gov.bd/sites/default/files/files/dgme.portal.gov.bd/notices/c2dc041c_9895_496c_aa31_6203b90c2744/2023- 08- 28- 16- 24- fb836edefce9e8a73164c625587816c6.pdf)



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো